**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/4/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## গভর্নর হোকল মিনওয়াস্কা স্টেট পার্কের ন্যাপানক পয়েন্টের দাবানল নিয়ন্ত্রণে আসার ঘোষণা করলেন

***স্টেট, স্থানীয়, ন্যাশনাল গার্ড এবং কুইবেক অংশীদারদের বহু-এজেন্সি প্রচেষ্টা আট দিনের বিপজ্জনক পরিস্থিতির পর আগুন নিয়ন্ত্রণ করলো***

***আগুন নিয়ন্ত্রণ প্রচেষ্টার পরবর্তী ধাপ হিসেবে স্টেটের ফরেস্ট রেঞ্জারদের নেতৃত্বে স্টেট এবং স্থানীয় দমকলের একটি ক্ষুদ্রতর বাহিনী আগুনের কোনও চিহ্নের জন্য পার্কটিকে পর্যবেক্ষণ করতে থাকবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে আট দিনের মিনওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভের (Minnewaska State Park Preserve) ন্যাপানক পয়েন্টের (Napanoch Point) দাবানল নির্বাপণ প্রচেষ্টার পর, আগুন নিয়ন্ত্রিত হয়েছে। স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) ফরেস্ট রেঞ্জাররা (Forest Rangers) পার্কস, রিক্রিয়েশন এবং হিস্টোরিক প্রিজার্ভেশন অফিস, হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশন (Office of Parks, Recreation and Historic Preservation), নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police), আলস্টার কাউন্টি, এবং আরো অন্যান্য স্টেট ও স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় করে ঘটনার সাড়াদানে নেতৃত্ব দিচ্ছে। আগুন নিয়ন্ত্রণ প্রচেষ্টার পরবর্তী ধাপে এলাকায় সাড়াদানের কর্মকাণ্ড সামনের দিনগুলিতে স্টেট ও স্থানীয় অভিজ্ঞদের ক্ষুদ্রতর একটি দল নিয়ে অব্যাহত থাকবে। এই সপ্তাহের শুরুতে, গভর্নর অতিরিক্ত স্টেট সম্পদ নিয়োজিত করেছেন যার মধ্যে রয়েছে কর্মী এবং আর্মি ন্যাশনাল গার্ডের (Army National Guard) UH-60 ব্ল্যাক হক হেলিকপ্টার। বৃহস্পতিবার কুইবেক থেকে বিশ জন দমকলকর্মী নিউ ইয়র্কে এসেছে সাড়াদানকে সমর্থন করতে। 200-র বেশি দমকলকর্মী, বুলডোজার অপারেটর, পাইলট এবং অন্যান্য পেশাদার কর্মী ও স্বেচ্ছাসেবক পুরো সপ্তাহ আগুন নিয়ন্ত্রণের কাজ করেছে।

"গত এক সপ্তাহ ধরে, দমকল কর্মীরা এবং স্টেট, স্থানীয় এজেন্সিসমূহ ও কুইবেক প্রভিন্সের কর্মীরা মিনওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভের দাবানলের বিরুদ্ধে লড়াই করছে এবং আজকে তারা সফলভাবে আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনতে পেরেছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা দ্রুত পদক্ষেপ নিয়েছি, একটি সমন্বিত সাড়াদান শুরু করেছি এবং প্রথম সাড়াদানকারীদের তাদের মিশন সম্পূর্ণ করাতে সাহায্য করার জন্য সম্ভাব্য সকল সংস্থান নিবেদন করেছি। আমি তাদের

সকলকে তাদের পরিশ্রমের জন্য, নিজের পরিবার থেকে দূরে থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখার জন্য নিরলসভাবে কাজ করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

মিনওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভের ন্যাপানক পয়েন্টের আগুন শুরু হয় 27 আগস্ট, শনিবার, একটি সন্দেহজনক বিদ্যুৎ চমকানো থেকে এবং এটি পার্কের ভেতরে আনুমানিক 142 একর জায়গায় ছড়িয়ে পড়ে। মঙ্গলবার রাতে হওয়া বৃষ্টি আগুনের বিস্তার কমাতে সাহায্য করে এবং এটি দমকলকর্মীদের নিয়ন্ত্রণ লাইন তৈরি করতে দেয়। বৃহস্পতিবার রাতের মধ্যে, আগুন এই নিয়ন্ত্রণ লাইনসমূহ দ্বারা 40 শতাংশ নিয়ন্ত্রণে আসে এবং শুক্রবার রাতের মধ্যে এই আগুন 75 শতাংশ নিয়ন্ত্রণে আসে। ন্যাপানক পয়েন্টের আগুন 60 শতাংশ নিয়ন্ত্রণে আছে এবং আগামী কিছু দিনে গুরুত্ব দেওয়া হবে জ্বলন্ত এলাকাগুলিতে পূর্ণ নিয়ন্ত্রণ আনা। আজকে রাতের বৃষ্টি চলমান সাড়াদান প্রক্রিয়াকে সহায়তা করবে বলে আশা করা যাচ্ছে, এবং আগুন নিয়ন্ত্রণ প্রচেষ্টা অগ্রসর হওয়ার সাথে সাথে ধোঁয়া ও তাপ অব্যাহত থাকতে পারে। শনগাঙ্ক আগুন কমপ্লেক্সের অংশ হিসেবে গত সপ্তাহে কাছের অন্য যেই দুইটি আগুন নির্বাপণ হচ্ছিলো, স্টোনি কিল (Stony Kill) এবং ওয়ার্টসবরো (Wurtsboro), সেগুলিও সম্পূর্ণ নিয়ন্ত্রিত হয়েছে।

মিনওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভ বুধবার, 7 সেপ্টেম্বর পুনরায় খুলে দেওয়া হবে। প্রিজার্ভের কিছু এলাকা অনির্দিষ্টকালের জন্য বন্ধ থাকবে যেহেতু সেখানে আগুন লাগার প্রভাব থেকে পার্কের ভূমির প্রতিকার কাজ করা হবে, ভূমিক্ষয় সর্বনিম্ন করতে এবং নতুন আক্রমণাত্মক প্রজাতি প্রতিরোধ করার কাজ করা হবে। নিচের ট্রেইলগুলি বন্ধ থাকবে:

- এলেনভিল থেকে লেক অওস্টিং পর্যন্ত স্মাইলি ক্যারেজ রোড
- হাই পয়েন্ট ক্যারেজ রোড
- বেরি পিকার ফুটপাথ
- মাইন হোল ফুটপাথ

আগুনটি শুরু হওয়ার পর থেকে, স্টেট ও স্থানীয় সংস্থানসমূহের একটি সমন্বিত প্রচেষ্টা মাঠ পর্যায়ে থেকে আগুনটি দমনের জন্য চেষ্টা করে যাচ্ছে। দমকল কর্মীরা স্টেটের ফরেস্ট রেঞ্জারদের নেতৃত্বে একতাবদ্ধ যৌথ কমান্ডের অধীনে কাজ করছে। ফরেস্ট রেঞ্জারদের ইন্সিডেন্ট কমান্ড এবং অগ্নি প্রতিরোধ কৌশল সম্পর্কে উল্লেখযোগ্য অভিজ্ঞতা রয়েছে, তাদের ব্যাপক প্রশিক্ষণ এবং অন্যান্য স্টেটে তাদের সমন্বিত দাবানলের আগুন নেভানোর মিশনে করা সমন্বিত কাজের জন্য। অতিরিক্ত বহু এজেন্সি সংস্থানের মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এভিয়েশন (New York State Police Aviation), যারা রবিবার থেকে দুইটি হেলিকপ্টার উড়িয়েছে এবং প্রতিদিন আনুমানিক 120-180টি 300 গ্যালন বালতির পানি ফেলেছে। নিযুক্ত হওয়ার পর থেকে দুইটি ন্যাশনাল গার্ড ব্ল্যাক হক হেলিকপ্টারের প্রতিটি প্রতি ঘণ্টায় 12 বালতি পানি ফেলেছে, যার মোট দাঁড়ায় 129,000 গ্যালন বালতি। এছাড়াও নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস অধিকতর সহায়তা প্রদানের জন্য স্টেটের ইনসিডেন্ট ম্যানেজমেন্ট টিম এবং জরুরি পরিস্থিতিতে যোগাযোগ সম্পর্কিত কয়েকজন বিশেষজ্ঞকে নিযুক্ত করেছে। স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অফিস (State Office of Fire Prevention and Control) স্টেটের অগ্নি মবিলাইজেশন এবং পারস্পরিক সহায়তা পরিকল্পনা

(Fire Mobilization and Mutual Aid Plan) এবং অগ্নি কর্মকাণ্ড কেন্দ্র (Fire Operations Center) সক্রিয় করেছে যাতে অতিরিক্ত সংস্থানের সময়মত সমন্বয় নিশ্চিত করা যায়।

নর্থইস্টার্ন ফরেস্ট ফায়ার সুরক্ষা কম্প্যাক্ট (Northeastern Forest Fire Protection Compact) দ্বারা সুরক্ষিত, কুইবেকের 20 জন দমকল কর্মী বৃহস্পতিবার এসে পৌঁছেছে। 1940-র দশকে স্থাপিত কম্প্যাক্টটি এর সদস্য স্টেট ও প্রভিন্সগুলিকে এমন আগুন সামাল দেওয়ার ব্যবস্থা প্রদান করে যা হয়তো একটি একক সদস্যের ক্ষমতার বাইরে, তথ্য, প্রযুক্তি এবং সংস্থান ভাগাভাগি (পারস্পরিক সহায়তা) করার কর্মকাণ্ডের মাধ্যমে।

**নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "এই নিয়ন্ত্রণ মিনওয়াস্কার জন্য একটি দারুণ সংবাদ এবং আমি DEC-র ফরেস্ট রেঞ্জারদের এবং শত শত অন্য জরুরি সাড়াদানকারীদের ধন্যবাদ জানাচ্ছি যারা দিনরাত কাজ করে এই আগুনের বিরুদ্ধে সফলভাবে লড়াই করেছে। আগুন সম্পূর্ণ নিভে যাওয়ার আগ পর্যন্ত তাদের কাজ চলবে, এবং আমরা হাডসন ভ্যালিতে এবং পুরো স্টেটে দাবানল প্রতিরোধ করতে আমাদের সতর্ক প্রহরা অব্যাহত রাখবো। আমরা জনগণকে আহবান করছি তাদের দায়িত্ব পালন করার জন্য এবং এই মৌসুমে নিরাপদে আগুন ব্যবহার করার সতর্কতা অনুসরণ করার জন্য।"

**নিউ ইয়র্ক স্টেটের পার্কস (New York State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন,** "এই মাইলফলকটি তাদের সকলের জন্য দারুণ একটি সংবাদ যারা মিনওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভকে ভালোবাসে। আমি আমাদের স্টেট পার্কের কর্মীদের এবং আমাদের সকল স্টেট ও স্থানীয় অংশীদারদের প্রতি কৃতজ্ঞ, যারা গত সপ্তাহে মিনওয়াস্কার সকল সুবিধার সুরক্ষা করার জন্য কঠোর পরিশ্রম করেছে।"

**নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেসের কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "গত এক সপ্তাহ ধরে আলস্টার কাউন্টির মাঠ পর্যায়ে একত্রে কাজ করতে থাকা আমাদের স্টেট এবং স্থানীয় এজেন্সি কর্মী এবং তাদের সাথে কুইবেকের আমাদের অংশীদারদের ধন্যবাদ আরো ছড়িয়ে পড়ার আগেই এই আগুন নিয়ন্ত্রণ করার জন্য। এই সাড়াদান সম্ভব হয়েছে গভর্নর হোকলের নেতৃত্ব এবং নিউ ইয়র্কবাসীকে ক্ষতি থেকে নিরাপদ রাখতে আমরা যেই অংশীদারিত্ব করে রেখেছি তার কারণে।"

**নিউ ইয়র্ক স্টেটের পুলিশ (New York State Police) সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন,** "সকল জড়িত অংশীদারদের নিরলস প্রচেষ্টার কারণে, দাবানল এখন নিয়ন্ত্রণে আছে। আমি মাঠ পর্যায়ে এবং আকাশের সকল নারী পুরুষদের প্রশংসা করতে চাই যারা এই আগুন নিয়ন্ত্রণে আনতে কঠোর পরিশ্রম করেছে।"

**নিউ ইয়র্কের অ্যাডজুটেন্ট জেনারেল, মেজর জেনারেল রেমন্ড শিল্ডস বলেন,** "আমাদের সেনা এবং বৈমানিকেরা অন্যান্য স্টেট এজেন্সির সাথে মিলে এই আগুন নিয়ন্ত্রণ করতে তাদের দায়িত্ব পালন করতে পেরে খুশি।"

**আলস্টার কাউন্টির নির্বাহী প্যাট্রিক কে. রায়ান বলেন,** "গভর্নর হোকল একটি তুষার ঝড়, বিদ্যুৎ বিভ্রাট, ঘূর্ণিঝড় এবং দাবানলের সময় আমাদের পাশে ছিলেন, এবং এর সবই আলস্টার কাউন্টিতে গত এক বছরে হয়েছে। যদিও এটি উদ্বেগজনক যে আমরা গত বছর এতগুলি ভয়ঙ্কর প্রাকৃতিক দুর্যোগ দেখেছি, আমি গর্বিত যে আমাদের সম্প্রদায় ধারাবাহিকভাবে একত্রিত হয়ে একে অন্যকে সাহায্য করেছে।"

নিউ ইয়র্কের হাডসন ভ্যালি এবং ক্যাটস্কিল অঞ্চল এখনো আগুনের উচ্চ ঝুঁকিতে রয়েছে (বর্তমান আগুনের ঝুঁকির মানচিত্র (Fire Danger Map) দেখুন), অর্থাৎ ঘরের বাইরের আগুনের দ্রুত ছড়িয়ে বোড়ার ঝুঁকি আছে, বিশেষ করে যদি বাতাস বেড়ে যায়। আগুন মারাত্মক হতে পারে এবং নিয়ন্ত্রণ করা কঠিন হয়ে যেতে পারে যদি কম থাকা অবস্থায় নিয়ন্ত্রণ না করা যায়।

মধ্য হাডসন অঞ্চলের স্টেট পার্কগুলিতে সকল ধরনের ক্যাম্পফায়ার এবং উন্মুক্ত পোড়ানো বর্তমানে নিষিদ্ধ করা হয়েছে। আরো তথ্যের জন্য parks.ny.gov ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418